



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/3/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 2024 অর্থবছরের বাজেটের অংশ হিসাবে নিউ ইয়র্কের ন্যূনতম মজুরি এবং মুদ্রাস্ফীতি সূচক বাড়ানোর জন্য ঐতিহাসিক চুক্তি ঘোষণা করেছেন

2024 সালের শুরুতে, নিউ ইয়র্ক স্টেট নিউ ইয়র্ক সিটি, লং আইল্যান্ড এবং ওয়েস্টচেস্টারে ন্যূনতম মজুরি 16 মার্কিন ডলার এবং স্টেটের অন্যান্য জায়গায় 15 ডলারে উন্নীত করবে, তারপরে 2025 ও 2026 সালে বার্ষিক 0.50 ডলার বৃদ্ধি পাবে

2027 সাল থেকে ভোক্তা মূল্য সূচক অনুযায়ী ন্যূনতম মজুরি বার্ষিক বৃদ্ধি পাবে

আরো সাশ্রয়ী মূল্যের, আরো বাসযোগ্য নিউ ইয়র্ক তৈরির জন্য গভর্নরের প্রতিশ্রুতিতে গড়ে তোলে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে 2024 অর্থবছরের বাজেট চুক্তিতে নিউ ইয়র্কের ন্যূনতম মজুরি তিন বছরের জন্য বাড়িয়ে এবং তারপরে মুদ্রাস্ফীতির সাথে যুক্ত করে কম মজুরির নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার ক্রমবর্ধমান ব্যয় বজায় রাখতে সহায়তা করার জন্য একটি রূপান্তরমূলক পরিকল্পনা অন্তর্ভুক্ত রয়েছে। 1 জানুয়ারি, 2024 তারিখে, নিউ ইয়র্ক সিটি এবং নাসাউ, সাফোক এবং ওয়েস্টচেস্টার কাউন্টিতে ন্যূনতম মজুরি 16 মার্কিন ডলার এবং স্টেটের অন্যান্য অংশে 15 মার্কিন ডলারে উন্নীত হবে। 2025 ও 2026 সালে, ন্যূনতম মজুরি প্রতি বছর অতিরিক্ত 0.50 মার্কিন ডলার বৃদ্ধি পাবে, যার পরে স্টেটের ন্যূনতম মজুরি উত্তর-পূর্ব অঞ্চলের জন্য শহুরে মজুরি উপার্জনকারী এবং কেরাণী কর্মীদের (CPI-W) জন্য ভোক্তা মূল্য সূচক দ্বারা নির্ধারিত হারে বৃদ্ধি পাবে - মুদ্রাস্ফীতির সর্বোত্তম আঞ্চলিক পরিমাপ। মুদ্রাস্ফীতির সাথে তাল মিলিয়ে চলার জন্য নিউ ইয়র্কের ন্যূনতম মজুরি বাড়ানোর ফলে স্টেট জুড়ে কয়েক লক্ষ ন্যূনতম মজুরি শ্রমিকরা উপকৃত হবে।

"ক্রমাগত ক্রমবর্ধমান ব্যয় ও মুদ্রাস্ফীতির মুখে নিউ ইয়র্কের ন্যূনতম মজুরি সংস্কারের এই ঐতিহাসিক পরিকল্পনা নিশ্চিত করবে যে সাশ্রয়ী মূল্য সংকটে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত নারী, একক মা এবং শ্বেতাঙ্গ নয় এমন মানুষসহ যারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছেন তাদের মজুরি জীবনযাত্রার ব্যয়ের সঙ্গে তাল মিলিয়ে চলবে," **গভর্নর হোকল বলেন।** "এটি শ্রমিকদের ও ব্যবসায়ের জন্য একটি জয়: ন্যূনতম মজুরিকে মুদ্রাস্ফীতির সাথে সূচক করা নিউ ইয়র্কের কয়েক লক্ষ মানুষকে তাদের ক্রয় ক্ষমতা বজায় রাখতে, স্টেটের অর্থনীতিতে অবদান রাখতে এবং আমাদের ছোট ব্যবসায়ী কমিউনিটিকে সমর্থন করতে সহায়তা করবে। এই বাজেট শ্রমিক

ও ব্যবসার জন্য সাশ্রয়ী সংকট মোকাবেলায় আমার প্রশাসনের অঙ্গীকারকে পুনর্ব্যক্ত করে এবং আমি নিউ ইয়র্কবাসীদের ত্রাণ প্রদানের জন্য সমাধানের বিষয়ে আইনসভার সাথে ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যাব।"

2024, 2025 ও 2026 সালে তিন বছরের সেট প্রবৃদ্ধির পরে, 1 জানুয়ারি, 2027 তারিখ থেকে নিউ ইয়র্ক স্টেট উত্তর-পূর্ব অঞ্চলের জন্য CPI-W-এর তিন বছরের চলমান গড় দ্বারা তার ন্যূনতম মজুরি বৃদ্ধি করবে। কোনো নির্দিষ্ট অর্থনীতি বা বাজেট পরিস্থিতির ঘটনা সামলানোর জন্য "অফ-র‍্যাম্প" ব্যবস্থা রয়েছে।

মুদ্রাস্ফীতির কথা মাথায় রেখে ন্যূনতম মজুরির সূচিকরণ বছরের পর বছর কর্মীদের মজুরি কেনার ক্ষমতা বজায় রাখতে সাহায্য করবে। ন্যূনতম মজুরি বৃদ্ধির ফলে নিম্ন আয়ের শ্রমিক, বিশেষ করে নারী ও শ্বেতাঙ্গ নয় এমন মানুষ ব্যাপকভাবে উপকৃত হবেন, যারা ন্যূনতম মজুরির শ্রমিকদের অসামঞ্জস্যপূর্ণ অংশ।

আঠারোটি অন্য সেট হয় বর্তমানে মুদ্রাস্ফীতি সাপেক্ষে নিজেদের ন্যূনতম মজুরি অথবা অন্য কোনো অর্থনৈতিক ফর্মুলা নির্দিষ্ট করেছে অথবা সেটি করার কথা ভাবে, এর মধ্যে তিনটি সেট ইতোমধ্যে 2023 সালে 15 মার্কিন ডলারের উপরে ন্যূনতম মজুরি নির্ধারণ করেছে। অর্থনৈতিক গবেষণায় দেখা গেছে যে ন্যূনতম মজুরি বাড়ানোর ফলে দারিদ্র কমে, সামাজিক সহায়তায় খরচ, উৎসাহজনক খরচ কমে, কর্মীর উৎপাদনশীলতা বাড়ে এবং অন্যান্য সুযোগ-সুবিধা থাকে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)